

মেইন্ডি ফেস্টিভ্যাল অ্যাসোসিয়েশন

আমরা কারা ?

মেইন্ডি ফেস্টিভ্যাল অ্যাসোসিয়েশন স্বেচ্ছাসেবকদের একটি সংগঠন। সাউথ ওয়েলসের নিউপোর্টের মেইন্ডি এলাকায় যারা বাস করেন এবং যারা কাজ করেন তাদের মধ্যে যে সাংস্কৃতিক বৈচিত্র্য রয়েছে তার উন্নতি ও উদ্যাপনের জন্য ১৯৯৭ সালে এই সংস্থাটি তৈরী হয়েছে। আমরা বার্ষিক মেইন্ডি উৎসবের আয়োজন করি যা জুলাইতে অনুষ্ঠিত হয় এবং এছাড়া বিভিন্ন গোষ্ঠীর সাংস্কৃতিক কর্মকাণ্ডমূলক অনুষ্ঠানেরও আয়োজন করে থাকি।

প্রতি বছর নভেম্বরে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় আমদের কমিটি নির্বাচিত হয়। এই কমিটি প্রতি মাসে ইটন রোডে কমিউনিটি হলে মিলিত হয়। নতুন সদস্যদের সবসময় স্বাগত জানানো হয়।

সব সংস্কৃতি ও গোষ্ঠী থেকে যাতে লোকেরা এই সংগঠনে অংশগ্রহণ করে সে ব্যাপারে আমরা উৎসাহ দিতে চাই। আমাদের উদ্দেশ্য হল নিউপোর্টের সমৃদ্ধ সাংস্কৃতিক বৈচিত্র্য উদ্যাপনের জন্য বিভিন্ন গোষ্ঠীর মধ্যে মিলনসেতু গড়ে তোলা।

আমরা সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে, জাতি, সাংস্কৃতিক ঐতিহ্য, বয়স, ভৌগোলিক অবস্থান ও ধর্মবিশ্বাসের দিক দিয়ে ভিন্ন লোকদের কাছাকাছি নিয়ে আসি।

আমাদের সভাগুলি ইংরেজী ভাষায় অনুষ্ঠিত হয়। ইংরেজী বলতে পারেন না এমন সদস্যদেরও আমরা স্বাগত জানাই এবং আপনার প্রয়োজন অনুযায়ী অনুবাদের ব্যবস্থা করার জন্যও আমরা যথসাধ্য চেষ্টা করি।

আমাদের ওয়েবসাইটটি www.maindee.org দেখুন। সেপাঞ্চে রোডের লাইব্রেরী বা যে কোন স্থানীয় লাইব্রেরীতে আপনি বিনামূল্যে ইন্টারনেট অ্যাক্সেস এর সুবিধা পেতে পারেন।

আপনি যদি এ ব্যাপারে আরো তথ্য জানতে চান বা এই কার্যক্রমে আরো বেশী অংশগ্রহণ করতে চান তবে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আনন্দের সাথে আপনার যোগাযোগের অপেক্ষায় থাকব।

মেইন্ডি ফেস্টিভ্যাল অ্যাসোসিয়েশন, প্রয়ত্নে : কমিউনিটি হাউস, ইটন রোড, নিউপোর্ট NP19 0BL .

টেলিফোন নং : ০ ১৬৩৩ ৭৬২ ১৫৫

ই-মেইল : info@maindee.org



এই ৪টি সংস্থার আন্তরিক আর্থিক সহায়তার জন্য এম এফ এ কৃতজ্ঞ।